গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
৪১, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
Website: www.dnc.gov.bd

**মহান স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদযাপনের নিমিত্ত মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীঃ**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোহাম্মদ আহসানুল জব্বার<br>মহাপরিচালক<br>ও<br>সভাপতি<br>মহান স্বাধীনতার সুবর্ণজয়ন্তী কর্মসূচি বাস্তবায়ন কমিটি। |
| সভার তারিখ ও সময় | : | ১১ মার্চ ২০২১খ্রি., বিকাল-০৩.০০টা। |
| সভার স্থান | : | মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সম্মেলন কক্ষ। |
| সভায় উপস্থিত সদস্যবৃন্দ | : | পরিশিষ্ট-''ক'' দ্রষ্টব্য। |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার প্রারম্ভে তিনি সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি, স্বাধীন বাংলাদেশের মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে গভীর শ্রদ্ধার সাথে স্মরণ করেন। তিনি ১৫ আগস্ট ১৯৭৫ বঙ্গবন্ধু পরিবারের শহীদ সদস্যগণসহ অন্যান্য শহীদদের, মহান মুক্তিযুদ্ধে ৩০ লক্ষ শহীদ ও পরম আত্মত্যাগকারী ২ লক্ষ মা-বোন এবং সকল শহীদ বুদ্ধিজীবীকে গভীর শ্রদ্ধার সাথে স্মরণ করেন। সভাপতি বলেন, এবছর আমাদের দেশ ও জাতির জন্য খুবই একটি অতীব গুরুত্বপূর্ণ বছর। মহান স্বাধীনতার সুবর্ণজয়ন্তীর পাশাপাশি এবছর আমরা জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন করছি। স্বাধীনতার সুবর্ণজয়ন্তী বর্ণাঢ্য ও যথাযথ মর্যাদার সাথে উদযাপনের নিমিত্ত ইতোমধ্যে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের কর্মপরিকল্পনা সুরক্ষা সেবা বিভাগের মাধ্যমে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।

২। অত:পর সভায় উপস্থিত সকলের আলোচনা ও মতামতের ভিত্তিতে স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষে অধিদপ্তরের প্রণীত কর্মপরিকল্পনা বাস্তবায়নের জন্য নিম্নরূপভাবে দায়িত্ব নির্ধারন করা হয়ঃ

| ক্রম | কর্মসূচির নাম | কর্মসূচির বিবরণ | বাস্তবায়নকাল | বাস্তবায়নকারী | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | ডিএনসি'র ওয়েবসাইটে সুবর্ণজয়ন্তী কর্ণার স্থাপন | স্বাধীনতার সুবর্ণজয়ন্তী বর্ণাঢ্য ও যথাযথ মর্যাদার সাথে উদযাপনে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের ওয়েবসাইটে সুবর্ণজয়ন্তী কর্ণার স্থাপন। | ২৬ মার্চ ২০২১ থেকে ১৬ ডিসেম্বর ২০২১ | সিস্টেম এনালিস্ট মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা। | |
| ২ | বীর মুক্তিযোদ্ধাদের নিয়ে টকশো/ ওয়েবিনার আয়োজন | স্বাধীনতার সুবর্ণজয়ন্তীতে মহান মুক্তিযুদ্ধের গৌরবময় ইতিহাস নতুন প্রজন্মের নিকট তুলে ধরতে বীর মুক্তিযোদ্ধাদের নিয়ে টকশো/ ওয়েবিনার আয়োজন। | ২৬ মার্চ ২০২১ থেকে ১৬ ডিসেম্বর ২০২১ | পরিচালক (প্রশাসন)/সহকারী পরিচালক (প্রশাসন) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা। | |
| ৩ | মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদযাপন উপলক্ষ্যে আলোচনা সভা | মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর ও মাঠ পর্যায়ের দপ্তরসমূহের কর্মকর্তা-কর্মচারীদের নিয়ে প্রধান কার্যালয়, বিভাগীয় কার্যালয় ও জেলা কার্যালয়সমূহে আলোচনা সভার আয়োজন। | ২৬ মার্চ ২০২১ | পরিচালক (নিরোধ শিক্ষা) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা/অতিরিক্ত পরিচালক (সকল)/উপপরিচালক (সকল)/সিনিয়র কনসালটেন্ট/মেডিকেল | অধিদপ্তরের ঢাকাস্থ অফিস ব্যতিত অন্যান্য বিভাগীয় কার্যালয়/মেট্রো/জেলা অফিস/বিভাগীয় নিরাময় কেন্দ্র স্ব-স্ব বিভাগীয় কমিশনার/জেলা প্রশাসকের সাথে সমন্বয় করে |

| ক্রম | কর্মসূচির নাম | কর্মসূচির বিবরণ | বাস্তবায়নকাল | বাস্তবায়নকারী | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| | | | | অফিসার (সকল)/সহকারী পরিচালক (সকল)। | কর্মসূচিটি পালন করবেন। |
| ৪ | জাতীয় শোক দিবস উপলক্ষে আলোচনা সভা ও দোয়া মাহফিল | মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর ও মাঠ পর্যায়ের দপ্তরসমূহের কর্মকর্তা-কর্মচারীদের নিয়ে প্রধান কার্যালয়, বিভাগীয় কার্যালয় ও জেলা কার্যালয়সমূহে আলোচনা সভা ও দোয়া মাহফিল আয়োজন। | ১৫ আগস্ট ২০২১ | পরিচালক (নিরোধ শিক্ষা) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা/অতিরিক্ত পরিচালক (সকল)/উপপরিচালক (সকল)/সিনিয়র কনলাটেন্ট/মেডিকেল অফিসার (সকল)/সহকারী পরিচালক (সকল)। | অধিদপ্তরের ঢাকাস্থ অফিস ব্যতিত অন্যান্য বিভাগীয় কার্যালয়/মেট্রো/জেলা অফিস/বিভাগীয় নিরাময় কেন্দ্র স্ব-স্ব বিভাগীয় কমিশনার/জেলা প্রশাসকের সাথে সমন্বয় করে কর্মসূচিটি পালন করবেন। |
| ৫ | মহান বিজয় দিবস উপলক্ষে আলোচনা সভা | মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর ও মাঠ পর্যায়ের দপ্তরসমূহের কর্মকর্তা-কর্মচারীদের নিয়ে প্রধান কার্যালয়, বিভাগীয় কার্যালয় ও জেলা কার্যালয়সমূহে আলোচনা সভা ও সরকারি নিরাময়কেন্দ্রসমূহে উন্নতমানের খাবার পরিবেশন। | ১৬ ডিসেম্বর, ২০২১ | পরিচালক (নিরোধ শিক্ষা)/চীফ কনসালটেন্ট মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা/সিটিসি, অতিরিক্ত পরিচালক (সকল)/উপপরিচালক (সকল)/সিনিয়র কনলাটেন্ট/মেডিকেল অফিসার (সকল)/সহকারী পরিচালক (সকল)। | অধিদপ্তরের ঢাকাস্থ অফিস ব্যতিত অন্যান্য বিভাগীয় কার্যালয়/মেট্রো/জেলা অফিস/বিভাগীয় নিরাময় কেন্দ্র স্ব-স্ব বিভাগীয় কমিশনার/জেলা প্রশাসকের সাথে সমন্বয় করে কর্মসূচিটি পালন করবেন। |
| ৬ | সভা-সেমিনার | ১) বর্তমান সরকারের মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের উন্নয়ন ও অগ্রগতি বিষয়ক আলোচনা সভা;<br>২) প্রত্যেক বিভাগে প্রতি মাসে মাদকবিরোধী আলোচনা সভা<br>৩)মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচারবিরোধী আন্তর্জাতিক দিবস উদযাপন;<br>৪) জনবহুল স্থান/বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানসহ অন্যান্য প্রতিষ্ঠানে মাদকবিরোধী সভা-সমাবেশ। | ২৬ মার্চ ২০২১ থেকে ১৬ ডিসেম্বর, ২০২১ | পরিচালক (নিরোধ শিক্ষা) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা/অতিরিক্ত পরিচালক (সকল)/উপপরিচালক (সকল)/সিনিয়র কনলাটেন্ট/মেডিকেল অফিসার (সকল)/সহকারী পরিচালক (সকল)। | অধিদপ্তরের ঢাকাস্থ অফিস ব্যতিত অন্যান্য বিভাগীয় কার্যালয়/মেট্রো/জেলা অফিস/বিভাগীয় নিরাময় কেন্দ্র প্রযোজ্য ক্ষেত্রে স্ব-স্ব বিভাগীয় কমিশনার/জেলা প্রশাসকের সাথে সমন্বয় করে কর্মসূচিটি পালন করবেন। |
| ৭ | প্রচার | সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুক ও ইউটিউব এবং কিয়স্ক, এলইডি বিলবোর্ড, টিভি, ওয়েবিনার ও ওয়েবসাইটের মাধ্যমে প্রচার -<br>১) বঙ্গবন্ধুও বাংলাদেশ বিষয়ক প্রামাণ্যচিত্র;<br>২) মুক্তিযুদ্ধ বিষয়ক প্রামাণ্যচিত্র; | ২৬ মার্চ, ২০২১ থেকে ১৬ ডিসেম্বর, ২০২১ | পরিচালক (নিরোধ শিক্ষা)/সহকারী পরিচালক (প্রশাসন/নিরোধ শিক্ষা), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা। | অতিরিক্ত পরিচালক, বিভাগীয় কার্যালয় (সকল), উপপরিচালক/ সহকারী পরিচালক, মেট্রো: কার্যালয়/জেলা |

| ক্রম | কর্মসূচির নাম | কর্মসূচির বিবরণ | বাস্তবায়নকাল | বাস্তবায়নকারী | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| | | ৩) মাদকবিরোধী টিভি ফিলার, টিভিসি, থিমসং, নাটক-নাটিকা;<br>৪) মাদকবিরোধী টকশো/ওয়েবিনার;<br>৫) মাদকের চাহিদা ও ক্ষতি হ্রাসে মাদকবিরোধী অন্যান্য প্রচারণা। | | | কার্যালয় (সকল) প্রযোজ্য কর্মসূচিটি পালন করবেন। |
| ৮ | মাদকবিরোধী স্মরণিকা/বুলেটিন /অন্যান্য সামগ্রী প্রকাশ ও বিতরণ। | ১) অধিদপ্তরের সকল কার্যালয়ে স্থাপিত বঙ্গবন্ধু বুককর্ণারে বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধের ইতিহাস বিষয়ক বই এবং বিগত একযুগে দেশের উন্নয়ন ও অগ্রগতি নিয়ে প্রকাশিত বই সংরক্ষণ করে অধিদপ্তরের কর্মকর্তা-কর্মচারী ও তাদের সন্তানদের এবং অংশীজনদের এসব বই পড়ায় উৎসাহিতকরণ;<br>২) স্বাধীনতার সুবর্ণজয়ন্তীতে মহান মুক্তিযুদ্ধের গৌরবময় ইতিহাস নতুন প্রজন্মের নিকট তুলে ধরতে বঙ্গবন্ধু, মুক্তিযুদ্ধ ও বাংলাদেশ বিষয়ক বিভিন্ন লেখা সমৃদ্ধ স্মরণিকা/বুলেটিন প্রকাশ করা হবে;<br>৩) মাদক বিরোধী সচেতনতায় মাদকের ক্ষতিকর তথ্য সম্বলিত লিফলেট, ফেস্টুন, পোস্টার ও পিভিসি এম্বুস্ড পোস্টার তৈরি ও বিতরণ। | ২৬ মার্চ ২০২১ থেকে ১৬ ডিসেম্বর ২০২১ | পরিচালক (নিরোধ শিক্ষা)/সহকারী পরিচালক (গবেষণা ও প্রকাশনা), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা এবং অতিরিক্ত পরিচালক, বিভাগীয় কার্যালয় (সকল), উপপরিচালক/ সহকারী পরিচালক, মেট্রো: কার্যালয়/জেলা কার্যালয় (সকল)/সিনিয়র কনসালটেন্ট/মেডিকেল অফিসার (সকল)। | |
| ৯ | রচনা ও চিত্রাংকন প্রতিযোগিতার আয়োজন। | মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের বিভাগীয় কার্যালয়/জেলা কার্যালয়েবঙ্গবন্ধু ও স্বাধীনতা বিষয়ে রচনা ও চিত্রাংকন প্রতিযোগিতার আয়োজন করা হবে। | ২৬ মার্চ ২০২১ থেকে ১৬ ডিসেম্বর ২০২১ | পরিচালক (অপারেশনস), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা এবং অতিরিক্ত পরিচালক, বিভাগীয় কার্যালয় (সকল)/জেলা/মেট্রো অফিস (সকল)/সিনিয়র কনসালটেন্ট/মেডিকেল অফিসার (সকল)।। | প্রত্যেক বিভাগীয় কার্যালয় হতে রচনার শিরোনাম আগামী ৩১ মার্চ ২০২১ তারিখের মধ্যে প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে। |
| ১০ | মাদকবিরোধী স্লোগানসম্বলিত কোভিড-১৯ প্রতিরোধমূলক মাস্ক ও হ্যান্ড স্যানিটাইজার তৈরি ও বিতরণ | ১) কোভিড-১৯ মহামারী মোকাবেলায় মাদকবিরোধী স্লোগানসম্বলিত হ্যান্ড স্যানিটাইজার তৈরি ও বিতরণ;<br>২) কোভিড-১৯ মহামারী মোকাবেলায় মাদকবিরোধী স্লোগান সম্বলিত মাস্ক তৈরি ও বিতরণ; | ২৬ মার্চ ২০২১ থেকে ১৬ ডিসেম্বর ২০২১ | পরিচালক (নিরোধ শিক্ষা)/উপপরিচালক (ক্রয়, পরিকল্পনা ও উন্নয়ন), প্রধান কার্যালয়, ঢাকা এবং অতিরিক্ত পরিচালক, বিভাগীয় কার্যালয় (সকল), উপপরিচালক/ সহকারী পরিচালক, মেট্রো: কার্যালয়/জেলা কার্যালয় (সকল)/সিনিয়র কনসালটেন্ট/মেডিকেল অফিসার (সকল)। | |
| ১১ | ৮টি বিভাগীয় শহরে একটি করে মাদকবিরোধী প্রচারণামূলক প্রীতি ভলিবল ম্যাচ-এর আয়োজন। | স্বাধীনতার সুবর্ণজয়ন্তীতে মাদকের বিরুদ্ধে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে ৮টি বিভাগীয় শহরে একটি করে মাদকবিরোধী প্রীতি ভলিবল ম্যাচের আয়োজন। | ২৬ মার্চ ২০২১ - ১৬ ডিসেম্বর ২০২১ | পরিচালক (নিরোধ শিক্ষা) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা এবং অতিরিক্ত পরিচালক, বিভাগীয় কার্যালয় (সকল)। | |

| ক্রম | কর্মসূচির নাম | কর্মসূচির বিবরণ | বাস্তবায়নকাল | বাস্তবায়নকারী | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১২ | বঙ্গবন্ধু,মুক্তিযুদ্ধ ও বাংলাদেশ বিষয়ভিত্তিক বইপড়া প্রতিযোগিতার আয়োজন। | কর্মকর্তা-কর্মচারিদের সন্তানদের জন্য বঙ্গবন্ধু, মুক্তিযুদ্ধ ও বাংলাদেশ বিষয়ভিত্তিক বইপড়া প্রতিযোগিতার আয়োজন। | ২৬ মার্চ ২০২১ থেকে ১৬ ডিসেম্বর ২০২১ | পরিচালক (অপারেশনস্), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা এবং অতিরিক্ত পরিচালক, বিভাগীয় কার্যালয় (সকল)/ জেলা কার্যালয় (সকল)/ মেট্রো কার্যালয় (সকল)। | |
| ১৩ | মাদকবিরোধী বিশেষ অভিযান পরিচালনা | স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষ্যে বছরব্যাপী মাদকবিরোধী বিশেষ অভিযান পরিচালনা করা হবে। | ২৬ মার্চ ২০২১ - ১৬ ডিসেম্বর ২০২১ | পরিচালক (অপারেশনস্), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা এবং উপপরিচালক/সহকারী পরিচালক, বিভাগীয় গোয়েন্দা কার্যালয় (সকল)/ জেলা কার্যালয় (সকল)/ মেট্রো কার্যালয় (সকল)। | |

৩। সভাপতি যথাযথ স্বাস্থ্যবিধি অনুসরন করে কর্মসূচিগুলো পালনের জন্য সকলকে বিশেষভাবে অনুরোধ করেন।

৪। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোহাম্মদ আহসানুল জব্বার)
মহাপরিচালক

০৪ চৈত্র, ১৪২৭

নং-৫৮.০২.০০০০.০০৬.২৩.০০৩.২১.১৩৬৫ তারিখঃ-------------------

১৮ মার্চ, ২০২১

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সিনিয়র সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃ: আ: অতিরিক্ত সচিব, মাদক অনুবিভাগ)।
২। পরিচালক (প্রশাসন/অপারেশনস্/চিকিৎসা ও পুনর্বাসন/নিরোধ শিক্ষা), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা/চীফ কনসালটেন্ট, কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, তেজগাঁও, ঢাকা।
৩। প্রধান রাসায়নিক পরীক্ষক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, কেন্দ্রীয় রাসায়নিক পরীক্ষাগার, গেন্ডারিয়া, ঢাকা।
৪। অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/ রংপুর/ময়মনসিংহ/গোয়েন্দা শাখা।
৫। সিস্টেম এনালিস্ট, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
৬। সিনিয়র কনসালটেন্ট/মেডিকেল অফিসার, বিভাগীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, চট্টগ্রাম/রাজশাহী/খুলনা।
৭। উপপরিচালক (........................) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়/বিভাগীয় কার্যালয়/মেট্রো কার্যালয়/ জেলা কার্যালয়/বিভাগীয় গোয়েন্দা কার্যালয়/টেকনাফ বিশেষ জোন,.........................................।
৮। সহকারী পরিচালক (........................) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়/বিভাগীয় কার্যালয়/মেট্রো কার্যালয়/জেলা কার্যালয়/বিভাগীয় গোয়েন্দা কার্যালয়/টেকনাফ বিশেষ জোন.........................।
৯। সহকারী প্রোগ্রামার, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
১০। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১১। অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১২। অফিস কপি।

(মোঃ রবিউল ইসলাম)
উপপরিচালক (নিরোধ শিক্ষা)